সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ।

৫ই অগ্রহায়ণ বুধবার ১৩৩৫ সাল।

## দুঃখিনী ভারতমাতার ভাগ্য।

"একে একে নিবিতেছে সকল দেউটী"।

## পঞ্জাব কেশরী লালা লজপৎ রায় পরলোকে।

—:০:—

ভারতমাতা যাঁহাদের মুখ পানে চাহিয়া মুক্তির আশা পোষণ করিতেছিলেন, তাঁহাদের একে একে মায়ের কোল শূন্য করিয়া কালের কবলে পতিত হইতেছেন। একের চিতাগ্নি নির্ব্বাপিত না হইতেই আর একটী, তাঁর চিতার আগুন জ্বলন্ত থাকিতে থাকিতে আর একটী এইরূপে কয়েক বৎসরের মধ্যে মায়ের কতগুলি সুসন্তান মায়ের ভাঙা বুক ভাঙ্গিয়া দিয়া ইহলীলা সংবরণ করিলেন তাহা মনে করিতে হৃদয় বিদীর্ণ হইয়া যায়।

আমরা কার কথা ফেলিয়া কার কথা বলিব। মায়ের যেটী যাচ্ছেন তাঁর স্থান পূরণ আর হয় না। আজ মা যে সন্তান হারাইলেন সেটী যে সে নন। ভারতের এক দিক্‌পাল পঞ্জাব কেশরী লালা লজপৎ রায়।

লালাজী মিস্ মেয়োর ভারত রমণীর গ্লানি পূর্ণ "মাদার ইণ্ডিয়া" পুস্তকের প্রতিবাদ স্বরূপ একখানি সুবৃহৎ পুস্তক কিছুদিন আগে প্রণয়ন করিয়া গিয়াছেন তার নাম দিয়াছেন "Unhappy India" অর্থাৎ "হতভাগিনী ভারত"। এই পুস্তকের নামকরণ যেন তাঁর এই অকালে লীলা সম্বরণের ভবিষ্যদ্বাণী।

এই সেদিন লাহোরে যখন সাইমন কমিশন আগমন করেন তখন লাহোরের অধিবাসীবৃন্দ এই কমিশনের প্রতি অনাস্থা জ্ঞাপন জন্য কৃষ্ণ-পতাকা হস্তে যে মিছিল বাহির করিয়াছিলেন, পঞ্জাব কেশরী লালাজী তাহার নেতৃত্ব করিতে গিয়া পুলিশের হস্তে আহত হইয়াছিলেন। আঘাত তাঁহার বক্ষস্থলে পাইয়াছিলেন। তখন এমন কোন কারণ হয় নাই, বা আঘাত এত সাংঘাতিক হয় নাই যাহাতে এই চরম ভয়ের আশঙ্কা করা যায়। তারপর তিনি ওজস্বিনী ভাষায় অনেক সভা সমিতিতে বক্তৃতা করিয়াছেন। যাঁহারা তাঁহাদের পুলিশের আঘাত সম্বন্ধে চুণকাম করিয়া উক্তি করিয়াছেন তাঁহাদিগকে প্রকাশ্যে "মিথ্যাবাদী" বলিয়া আদালতে মোকদ্দমা করিবার জন্য আহ্বান করিয়াছেন।

তাঁহার প্লুরিসি ব্যাধি ছিল তাহার উপর এই আঘাত ও উত্তেজনা মৃত্যুর অন্যতম কারণ কিনা তাহা বিশেষজ্ঞরাই বলিতে পারেন। তবে তিনি নিজে একথা বলিয়া গিয়াছেন যে এই আঘাতের ফলে তাঁহার জ্বর হইয়াছিল ও বেশ একটু অসোয়াস্তি বোধ করিয়াছিলেন।

কারণ যাহাই হউক, আজ ভারত যে রত্ন হারাইল তাহা আর হইবে না। যেমন "গগনের তুলনা গগন, সাগরের তুলনা সাগর" তেমনি "লালাজীর তুলনা লালাজী"।

আমরা ক্ষুদ্র। লালাজীর দেবোপম আত্মার সদ্‌গতির জন্য ভগবানের কাছে প্রার্থনা আমাদের সাজে না। তবুও বলি যাও লালাজী! যেখানে মানুষের ভাগ্য বিধাতা মানুষ নয়, যেখানে মানুষের কাছে মানুষের প্রাপ্যের জন্য ধস্তাধস্তি করিতে হয় না, প্রাণপাত করিতে হয় না, সে দ্বার তোমার জন্য সসম্মানে উন্মুক্ত হইয়া আছে। চিরশান্তি চিরস্বাধীনতা তোমার কর্ম্মফলই তোমাকে প্রদান করিবে। তোমার নশ্বর দেহ আর ভারত দেখিতে পাইবে না, কিন্তু তোমার অক্ষয় ও অমর কীর্ত্তি ভারতবাসীর মানসনেত্রে চিরদিন বিরাজমান থাকিবে। ইহা তোমার মৃত্যু নয়। জয় যাত্রা।

---

আগামী ২৬শে নভেম্বর সোমবার পুলিশ সুপারিন্টেণ্ডেণ্ট সাহেব বাহাদুর বিভাগীয় অফিসাদি পরিদর্শন করিবার জন্য জঙ্গিপুরে শুভাগমন করিবেন।

---

গত ২৯শে কার্ত্তিক বৃহস্পতিবার রাত্রিতে স্থানীয় উকিল বাবু রাধাগোবিন্দ রায়ের ঘরে চোরে সিঁদ দিয়াছিল। বিশেষ সুবিধা করিতে পারে নাই। জামা ও কাপড়ে মোট ১১ খানা লইয়া পলাইয়াছে।

---

পত্নী বিয়োগ। কিছুদিন হইল কবিরাজ হরিজীবন সেন গুপ্তের স্ত্রী অনেকগুলি ছোট ছোট ছেলেমেয়ে রাখিয়া মারা গিয়াছেন। সংসারে দ্বিতীয় লোক না থাকায় ছেলেপিলে লইয়া কবিরাজ মহাশয় বড় মুস্কিলে পড়েছেন।

---

শুনা যাইতেছে যে, আগামী ৩রা ডিসেম্বর প্রেসিডেন্সী বিভাগের কমিশনর সাহেব বাহাদুর মহকুমার কার্য্যাদি পরিদর্শন করিবার জন্য জঙ্গিপুরে শুভাগমন করিবেন এবং ৬ই ডিসেম্বর পর্য্যন্ত অবস্থান করিবেন।

---

গত ২৭শে অক্টোবর তারিখে ঘাটালে সিলাই নদীতে দুইজন ভদ্র মহিলা স্নান করিবার সময় ডুবিয়া মারা গিয়াছেন।

---

গত সূর্য্যগ্রহণ উপলক্ষে বারাণসীতে অত্যধিক লোকের সমাগম হওয়ায় তথায় কলেরা রোগ অত্যন্ত বৃদ্ধি পাইয়াছে। প্রত্যহ দুই শতের অধিক লোকের মৃত্যু হইতেছে।

---

গত ৩রা নভেম্বর অপরাহ্নে ময়মনসিংহে একটি পাটের গুদামে আগুন লাগিয়া ৮০ হাজার টাকা ক্ষতি হইয়াছে।

---

ইন্দোরের ভূতপূর্ব্ব মহারাজের মার্কিনী স্ত্রী শ্রীমতী শর্ম্মিষ্ঠা দেবীর বন্ধুরা জানাইতেছেন শীঘ্রই তাঁহার সন্তান হইবার সম্ভাবনা।

---

আলি ভ্রাতাদ্বয়কে দুইপাশে লইয়া মহাত্মা গান্ধী একদিন ভারতময় ঘুরিয়া বেড়াইয়াছিলেন। তখন সবাই মনে করিয়াছিল যে হিন্দুমুসলমানের ভিতর খুব বড়রকমের দোস্ত পাতান হইয়া গিয়াছে—আর চিন্তা কেন, ভারত স্বাধীন হইয়া যায় আর কি! কিন্তু হায়, উল্টা বুঝ্‌লি রাম! "অঙ্গার শতধৌতেন মলিনত্বং ন মুঞ্চতি"—যার ভিতরে অঙ্গার, তার বাহিরে হাজার গিলটি লাগাইলেও তাহা একদিন ধরা পড়িবেই। তেমনি ধরা পড়িয়াছেন আমাদের মৌলানা সৌকত আলি ছাহেব। ইহাতে আশ্চর্য্য কিংবা দুঃখিত অথবা রুষ্ট হইবার কিছু নাই। মানুষ যেন তেন প্রকারেণ বড় হইতে, কিম্বা কার্য্যোদ্ধার অথবা স্বার্থসিদ্ধি করিয়া লইতে চিরকালই চেষ্টা করিয়া আসিতেছে। মৌলানা ছাহেব সেই মনুষ্য ধর্ম্মই পালন করিতেছেন বই ত নয়!

---

আসামের ছাত্র সম্মিলনীর অধিবেশনে আসামে স্বতন্ত্র বিশ্ববিদ্যালয় স্থাপনের এক প্রস্তাব গৃহীত হইয়াছে।

---

আগামী ১লা ডিসেম্বর তারিখে বারাণসী হিন্দু বিশ্ববিদ্যালয়ের কনভোকেশন হইবে। ডাক্তার এ্যানি বেশান্ত সেই কনভোকেশনে বক্তৃতা করিবেন।

---

কলিকাতা বাগবাজারে একটী বালক ঘুড়ি উড়াইতে উড়াইতে ছাদের উপর হইতে পড়িয়া সাংঘাতিক আহত হইয়াছে। তাহাকে হাসপাতালে স্থানান্তরিত করা হইয়াছে।

---

এটনা নামক আগ্নেয় গিরির গলন্ত ধাতু নিস্রাবের ফলে সিসিলি দ্বীপে এক মহাপ্রলয় হইয়া গিয়াছে।

---

রাজার অনুগ্রহ। কোচিনের মহারাজা মালয় দেশীয় কবি ভি, নারায়ণ মেননকে যাবজ্জীবন মাসিক পনর টাকা হারে বৃত্তি দিবার ব্যবস্থা করিয়াছেন।

---

লেডি সাইমন লাহোরে জ্বররোগে পীড়িতা হইয়াছিলেন। ডাক্তারেরা পীড়া অতি সামান্য মনে করিয়াছেন এবং শীঘ্রই আরোগ্য লাভ করিবেন বলিয়া আশা করেন।

---

পোল্যাণ্ডে এক দাবাগ্নির ফলে ১০ জন লোক মারা গিয়াছে।

